ভূমিকা ঃ

মূল্য সংযোজন কর আইন, বিধিমালা, প্রজ্ঞাপনসমূহ এবং জারীকৃত আদেশসমূহ সংকলিত অবস্থায় পুস্তকাকারে জাতীয় রাজস্ব বোর্ড ছাড়াও আইনজীবী ও লেখকগণ প্রকাশ করে বাজারে সহজপ্রাপ্য রাখছেন। কিন্তু আইন, আদেশ ও বিধানাবলী ক্ষেত্র বিশেষে সাধারণ্যে সহজবোধ্য নাও হতে পারে। অথচ স্বচ্ছ জ্ঞানের অভাবে অনেক করদাতা যথাযথভাবে কর প্রদান করতে পারেন না। করদাতা এবং ক্রেতা সাধারণকে কর প্রদান ও কর আদায় নিশ্চিত করতে ব্যাপকভাবে উদ্বুদ্ধ করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড সহজবোধ্যভাবে মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক, টার্ণওভার কর ও আবগারী শুল্ক সম্পর্কীয় গুরুত্বপূর্ণ জ্ঞাতব্য বিষয়ে নিম্নবর্ণিত পুস্তিকাসমূহ প্রণয়ন করেছে ঃ

পুস্তিকা নং-১	ঃ	মূসক বিষয়ে সাধারণ জ্ঞাতব্য
পুস্তিকা নং-২	ঃ	নিবন্ধন
পুস্তিকা নং-৩	ঃ	টার্ণওভার কর
পুস্তিকা নং-৪	ঃ	মূল্য ঘোষণা
পুস্তিকা নং-৫	ঃ	হিসাব পুস্তক ও দলিলাদি সংরক্ষণ
পুস্তিকা নং-৬	ঃ	চালানপত্র
পুস্তিকা নং-৭	ঃ	উপকরণ কর রেয়াত ও সমন্বয়
পুস্তিকা নং-৮	ঃ	দাখিলপত্র
পুস্তিকা নং-৯	ঃ	ব্যবসায়ী পর্যায়ে মূসক
পুস্তিকা নং-১০	ঃ	মূসক ব্যবস্থায় ECR/POS ব্যবহার
পুস্তিকা নং-১১	ঃ	মূসক ব্যবস্থায় স্ট্যাম্প ও ব্যান্ডরোল ব্যবহার
পুস্তিকা নং-১২	ঃ	ব্যাংকিং ও নন-ব্যাংকিং এবং বীমা সেবার ক্ষেত্রে মূসক পরিশোধ
পুস্তিকা নং-১৩	ঃ	আমদানি পর্যায়ে মূসক পরিশোধ
পুস্তিকা নং-১৪	ঃ	মূসক ব্যবস্থায় রপ্তানি কার্যক্রম
পুস্তিকা নং-১৫	ঃ	মূসক ব্যবস্থায় প্রত্যর্পণ কার্যক্রম
পুস্তিকা নং-১৬	ঃ	অপরাধ, শাস্তি ও আপীলের বিধান

জাতীয় রাজস্ব বোর্ড আশা করে যে, প্রকাশিত পুস্তিকাসমূহ পাঠে করদাতা ও ক্রেতা সাধারণ মূল্য সংযোজন কর আইন ও প্রয়োগ বিষয়ে সচেতন হবেন এবং তা সরকারের রাজস্ব আদায়ে ইতিবাচক প্রভাব ফেলবে।

১। মূল্য ঘোষণা কি?

মূল্য সংযোজন কর (মূসক) আরোপযোগ্য পণ্যের উৎপাদনকারী, সেবা প্রদানকারী বা ব্যবসায়ী প্রতিষ্ঠান, তাঁর পণ্য/ সেবা সরবরাহের ক্ষেত্রে ক্রেতার নিকট হতে যে পণ (মূল্য) প্রাপ্য হন, সেই মূল্যের ওপর মূল্য সংযোজন কর প্রদেয় হয়। মূসক আরোপযোগ্য পণ্য উৎপাদক বা ব্যবসায়ী প্রতিষ্ঠানকে করযোগ্য পণ্য সরবরাহের পূর্বে তাঁর উৎপাদিত বা সরবরাহযোগ্য পণ্যের উপর প্রদেয় মূসক বা, ক্ষেত্রমত, মূসক ও সম্পূরক শুল্ক ধার্যের লক্ষ্যে সংশ্লিষ্ট পণ্যের উপকরণ-উৎপাদ সম্পর্ক বা সহগ (input-output co-efficient) সহ পণ্যের উপকরণ মূল্য ও পণ্য প্রস্তুত/ উৎপাদন সংশ্লিষ্ট যাবতীয় খরচ তথা মূল্যভিত্তি সম্পর্কিত একটি ঘোষণা নির্ধারিত ফর্মে দাখিল করতে হয়, একেই মূল্য ঘোষণা বলে।

২। সকল ধরণের প্রতিষ্ঠানের ক্ষেত্রে মূল্য ঘোষণা দাখিল করা কি অপরিহার্য?

- মূসক আরোপযোগ্য পণ্য প্রস্তুতকারক বা উৎপাদক ও প্রকৃত মূল্য সংযোজনের ভিত্তিতে মূসক পরিশোধকারী ব্যবসায়ী প্রতিষ্ঠানের (বাণিজ্যিক আমদানিকারকসহ) ক্ষেত্রে মূল্য ঘোষণা দাখিল করা অপরিহার্য। তবে সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা নির্ধারিত একক মূল্য থেকে পশ্চাদগণনার মাধ্যমে আরোপযোগ্য মূসক পরিশোধকারী প্রতিষ্ঠানকে মূল্য ঘোষণা থেকে অব্যাহতি দেয়া আছে।

- সেবা প্রদানকারীর ক্ষেত্রে মূল্য ঘোষণা দাখিল করা বাধ্যতামূলক নয়। তবে জাতীয় রাজস্ব বোর্ড, বিশেষ বা সাধারণ আদেশ দ্বারা কোন করযোগ্য সেবা প্রদানের ক্ষেত্রে মূসক আরোপযোগ্য মূল্যভিত্তি ঘোষণা দাখিলের আদেশ দান বা পদ্ধতি নির্ধারণ করতে পারে।

৩। মূল্য ঘোষণা কখন, কিভাবে এবং কোন দপ্তরে দাখিল করতে হয়?

পণ্য উৎপাদনকারী, সেবা প্রদানকারী (প্রযোজ্য ক্ষেত্রে) বা ব্যবসায়ীকে তাঁর পণ্য/সেবা সরবরাহের পূর্বেই সংশ্লিষ্ট এলাকার শুল্ক, আবগারী ও মূসক বিভাগীয় কার্যালয়ে নির্ধারিত ফরমে দুই প্রস্ত মূল্য ঘোষণা দাখিল করতে হয়। মূল্য ঘোষণা দাখিলের তারিখ হতে নিবন্ধিত ব্যক্তি তার ঘোষিত মূল্যে পণ্য/ সেবা সরবরাহ করতে পারবেন।

৪। কোন্ ফরমে মূল্য ঘোষণা দাখিল করতে হয়?

প্রতিষ্ঠানের প্রকৃতিভেদে মূল্য ঘোষণা দাখিলের জন্য পৃথক ফরম ব্যবহার করতে হয়, নিচের ছকে তা দেখানো হয়েছে ঃ

প্রতিষ্ঠানের প্রকৃতি	মূল্য ঘোষণার ফরম	
পণ্য প্রস্তুতকারক বা উৎপাদক	ফরম "মূসক-১"	পরিশিষ্ট-ক
ব্যবসায়ী বা বাণিজ্যিক আমদানিকারক	ফরম "মূসক-১খ"	পরিশিষ্ট-খ
পণ্য/সেবা রপ্তানিকারক (১০০% রপ্তানিকারক ব্যতীত)	ফরম "মূসক-১গ"	পরিশিষ্ট-গ
সর্বোচ্চ খুচরা মূল্যের অন্যূন দুই তৃতীয়াংশের ভিত্তিতে পণ্য মূল্য ঘোষণা প্রদানকারী	ফরম "মূসক-১ঘ"	পরিশিষ্ট-ঘ

এছাড়া ট্যারিফ মূল্যের ভিত্তিতে পণ্য সরবরাহকারীকে ফরম 'মূসক-১ক' (পরিশিষ্ট-ঙ) এ উপকরণ-উৎপাদ সহগ সম্পর্কে ঘোষণা প্রদান করতে হয়।

৫। দাখিলকৃত মূল্য ঘোষণায় কি কি ব্যয় অন্তর্ভুক্ত থাকবে?

দাখিলকৃত মূল্য ঘোষণায় নিচে উল্লিখিত ব্যয় বা তথ্যসমূহ অন্তর্ভুক্ত থাকতে হয় ঃ

- ক্রয়কৃত উপকরণের মূল্য,
- যাবতীয় প্রত্যক্ষ ও পরোক্ষ ব্যয় (যেমন- মজুরি, বেতন, ভ্রমণ ব্যয়, আপ্যায়ন ইত্যাদি সকল প্রকার প্রশাসনিক ব্যয়সহ মেরামত, মেশিনের অবচয় (Depreciation), ব্যাংক সুদ, উন্নয়নমূলক কাজ, কোন পণ্য বা সেবা ক্রয় বাবদ যে কোন প্রকার ব্যয়/ খরচ),
- প্রদত্ত কমিশন, চার্জ, ফি, সম্পূরক শুল্কসহ সকল শুল্ক ও কর (মূল্য সংযোজন কর ব্যতীত), এবং
- মুনাফা।

৬। দাখিলকৃত মূল্য ঘোষণা সম্পর্কে কত দিনের মধ্যে সিদ্ধান্ত প্রদান করতে হয়?

মূল্য ঘোষণা দাখিলের ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাকে তা অনুমোদন করতে হয়। বিভাগীয় কর্মকর্তা ঘোষিত মূল্য যাচাই-বাছাই করে প্রয়োজনে সংশোধনপূর্বক ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে সিদ্ধান্ত প্রদান করবেন। তবে ঘোষিত মূল্য বৃদ্ধিসহ মূল্য ঘোষণা সংশোধনের ক্ষেত্রে করদাতাকে যুক্তিসঙ্গত শুনানীর সুযোগ দিতে হয়। বিভাগীয় কর্মকর্তা ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে সিদ্ধান্ত প্রদানে ব্যর্থ হলে উক্ত দাখিলকৃত মূল্য বিষয়ে বিভাগীয় কর্মকর্তার কোন আপত্তি নেই বা তা অনুমোদিত বলে গণ্য হবে।

৭। ঘোষিত মূল্য বিষয়ে বিভাগীয় কর্মকর্তা কর্তৃক কি কারণে সংশোধন/আপত্তি করা যায়?

বিভাগীয় কর্মকর্তা নিম্নবর্ণিত অসঙ্গতিগুলোর কারণে ঘোষিত মূল্য সম্পর্কে সংশোধন/ আপত্তি উত্থাপন করতে পারেন ঃ

- পণ্যের ঘোষিত মূল্যভিত্তি আইনের ধারা ৫ এর সঙ্গে অসঙ্গতিপূর্ণ, বা
- ঘোষিত মূল্যের মধ্যে কোন ব্যয় অন্তর্ভুক্ত না হলে, বা
- একই অধিক্ষেত্র বা অন্য অধিক্ষেত্রের অনুরূপ প্রকৃতি ও গুণগতমানের পণ্যের মূল্যভিত্তির তুলনায় ঘোষিত মূল্যভিত্তি উল্লেখযোগ্য পরিমাণে কম, বা
- ঘোষিত মূল্যে প্রদর্শিত মূল্য সংযোজনের পরিমাণ উল্লেখযোগ্যভাবে কম, বা
- পণ্যের সরবরাহকারী ও সরবরাহ গ্রহীতার মধ্যে বিদ্যমান কোন সম্পর্কের কারণে বা তাদের পারস্পরিক বা যেকোন এক পক্ষের আর্থিক সুবিধা লাভের উদ্দেশ্যে ঘোষিত মূল্যভিত্তি উল্লেখ্যযোগ্যভাবে কম হয়,

  -এবং সে কারণে মূসক ও সম্পূরক শুল্ক কম পরিশোধিত হয়েছে বা কম পরিশোধ হতে পারে বলে প্রতীয়মান হয়।

৮। বিভাগীয় কর্মকর্তা কর্তৃক নির্ধারিত মূল্য বিষয়ে আপত্তি থাকলে মূল্য ঘোষণাকারীর করণীয় কি?

বিভাগীয় কর্মকর্তা কর্তৃক নিরূপিত মূল্য ঘোষিত মূল্য অপেক্ষা উচ্চতর হলে এবং সে বিষয়ে নিবন্ধিত ব্যক্তির আপত্তি থাকলে উক্তরূপ উচ্চতর মূল্য নিরূপণের তারিখ থেকে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট কমিশনার কাস্টমস্, এক্সাইজ ও ভ্যাট বরাবরে আপীল আবেদন দাখিল করতে পারেন।

৯। কমিশনারের নিকট আপীল আবেদন নিষ্পত্তির বিধান কি?

বিভাগীয় কর্মকর্তা কর্তৃক উচ্চতর মূল্য নির্ধারণ সম্পর্কিত আপীল আবেদনের বিষয়ে আবেদনকারীকে যুক্তিসঙ্গত শুনানীর সুযোগ প্রদান করে ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট কমিশনারকে সিদ্ধান্ত প্রদান করতে হবে। অন্যথায় তিনি আপীলকারীর আবেদন মঞ্জুর করেছেন বলে বিবেচিত হবে।

১০। আপীল আবেদন ব্যতীত অন্য কোন্ ক্ষেত্রে কমিশনার পণ্যের মূল্য নির্ধারণ করতে পারেন?

আপীল আবেদন ব্যতীত নিম্নোক্ত ক্ষেত্রেও কমিশনার পণ্যের ভিত্তিমূল্য নির্ধারণ করতে পারেন ঃ

- স্বতঃপ্রবৃত্ত হয়ে;
- বিভাগীয় কর্মকর্তার অনুরোধক্রমে; বা
- কমিশনারের বিবেচনায় অন্য যে কোন বিশেষ কারণে।

১১। পূর্বে ঘোষিত এবং অনুমোদিত মূল্য ঘোষণায় কোন পরিবর্তন হলে করণীয় কি?

পূর্বে ঘোষিত এবং অনুমোদিত মূল্য ঘোষণায় কোন পরিবর্তন হলে (উপকরণ ব্যয়, পরিমাণ/ প্রকার বা যে কোন ব্যয় সংক্রান্ত) প্রথমবারের ঘোষণার মত একই পদ্ধতিতে ঘোষণা প্রদান করতে হবে।

১২। অনুমোদিত মূল্যের কার্যকারিতার তারিখঃ

(ক) বিভাগীয় কর্মকর্তা, ঘোষিত মূল্য অপেক্ষা উচ্চতর মূল্যে মূল্য ঘোষণা অনুমোদন করলে, উক্ত উচ্চতর মূল্য নিবন্ধিত ব্যক্তি/ প্রতিষ্ঠান যে তারিখে মূল্য ঘোষণা দিয়েছেন সে তারিখ হতে কার্যকর হবে।

(খ) বিভাগীয় কর্মকর্তা কর্তৃক অনুমোদিত উচ্চতর মূল্যের বিষয়ে নিবন্ধিত ব্যক্তি কমিশনারের নিকট আপীল করলে, উক্ত আপীলের পরিপ্রেক্ষিতে, অথবা কমিশনার স্বত:প্রণোদিত হয়ে বা অন্য কোন বিশেষ কারণে মূল্য নির্ধারণ করলে উক্ত উচ্চতর মূল্য বা নির্ধারিত মূল্য প্রতিষ্ঠানের মূল্য ঘোষণার তারিখ হতে কার্যকর হবে।

১৩। ট্যারিফ মূল্য কি?

জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থের গুরুত্ব বিবেচনা ও যথোপযুক্ত অনুসন্ধানপূর্বক যে কোন করযোগ্য পণ্য বা সেবার ক্ষেত্রে মূসক বা, ক্ষেত্রমত, মূসক ও সম্পূরক শুল্ক ধার্যের লক্ষ্যে একটি সুনির্দিষ্ট মূল্য নির্ধারণ করতে পারে, এই সুনির্দিষ্ট মূল্যকেই ট্যারিফ মূল্য বলে। এক্ষেত্রে বোর্ড অনুসন্ধানের পর উক্ত পণ্য বা সেবার প্রকৃত মূল্য সংযোজনের পরিমাণকেই ট্যারিফ মূল্য হিসেবে বিবেচনা করে থাকে বিধায় এক্ষেত্রে কোন উপকরণ কর রেয়াত গ্রহণের সুযোগ থাকে না। ট্যারিফ মূল্যের ভিত্তিতে কর প্রদানের ক্ষেত্রে মূসক ফরম-১ক তে উপকরণ, উৎপাদ বিষয়ে ঘোষণা প্রদান করতে হয়।

১৪। বাণিজ্য বাটার ক্ষেত্রে করণীয় কি?

নিম্নবর্ণিত শর্তসমূহ পরিপালন করে বাণিজ্য বাটা (trade discount) প্রদানপূর্বক পণ্য সরবরাহ করা যায়।

- নিবন্ধিত ব্যক্তিকে, আসল এবং বাণিজ্য বাটা প্রদানের পর যে মূল্যে পণ্য সরবরাহ হবে সেই মূল্য এবং যে মেয়াদের জন্য বাণিজ্য বাটা কার্যকর হবে সেই মেয়াদ উল্লেখ করে জাতীয় দৈনিকে বিজ্ঞাপন প্রচার করতে হয় এবং সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাকে তা অবহিত করতে হয়।

- বাণিজ্য বাটার পরিমাণ প্রকৃত মূল্যের ১৫ (পনের) শতাংশের বেশী হতে পারবে না।

- যে কোন বার মাস সময়ে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিনের জন্য বাণিজ্য বাটা প্রদান করা যায়।

- বাণিজ্য বাটা প্রদানের পর যে মূল্যে পণ্য সরবরাহ করা হয় তা চালানপত্রে উল্লেখ করতে হয় এবং বাটার পরিমাণ অবশ্যই সাধারণ ব্যবসায়ী রীতির সাথে সঙ্গতিপূর্ণ হতে হয়।

- অনুমোদিত মূল্যে হতে বাণিজ্য বাটা (trade discount) প্রদানের পর যে মূল্যে পণ্য/ সেবা সরবরাহ করা হয় সেই মূল্যের উপর মূসক আরোপযোগ্য হয়।

১৫। অভিন্ন মূল্যে পণ্য সরবারাহের ক্ষেত্রে মূল্য ঘোষণার পদ্ধতি কি?

কোন উৎপাদক বা কোন আমদানিকারক কর্তৃক অভিন্ন মূল্যে দেশের সর্বত্র পণ্য সরবরাহের ক্ষেত্রে নিম্নরূপ পদ্ধতি অনুসরণ করতে হয় ঃ

- করযোগ্য পণ্য সরবরাহের পূর্বে পণ্যের ওপর প্রদেয় মূসক বা, ক্ষেত্রমত, মূসক ও সম্পূরক শুল্ক ধার্যের লক্ষ্যে বিধি মোতাবেক মূল্য ঘোষণা দাখিল করতে হয়;
- উক্তরূপ মূল্য ঘোষণার ক্ষেত্রে উৎপাদন পর্যায়ের এবং চূড়ান্ত সরবরাহ পর্যায়ের যাবতীয় ব্যয়, মুনাফা ও কমিশন পৃথকভাবে 'মূসক-১' বা 'মূসক-১খ' তে প্রদর্শন করতে হয়;
- ঘোষিত অভিন্ন মূল্য পণ্যের গায়ে বা ধারকে বা প্যাকেটের গায়ে দৃশ্যমান স্থানে অনপনীয় কালিতে মুদ্রিত থাকবে এবং দেশের সর্বত্র উক্ত অভিন্ন মূল্যেই পণ্য সরবরাহ করা হবে মর্মে অঙ্গীকারনামা জাতীয় রাজস্ব বোর্ডে দাখিল করতে হয়;
- জাতীয় রাজস্ব বোর্ডে অঙ্গীকারনামা দাখিলের সময় তার সমর্থনে প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করতে হয়;
- কাগজপত্র দাখিলের সময় পণ্যের গায়ে বা ধারকে বা প্যাকেটে মুদ্রিত মূল্যের পাশে বা উপরে বা নীচে "মূসক পরিশোধিত" মুদ্রণ সম্বলিত পণ্যের নমুনা দাখিল করতে হয়;
- জাতীয় রাজস্ব বোর্ডের অনুমোদন পাওয়ার পর বিভাগীয় কর্মকর্তা তা উৎপাদক বা আমদানিকারককে অবহিত করবেন এবং তাঁর কর্তৃক নির্দিষ্টকৃত তারিখ থেকে উক্ত পণ্য সরবরাহ করা যায়;

- নিজস্ব বিক্রয়কেন্দ্র বা পরিবেশক বা ডিলার বা এজেন্ট কর্তৃক পণ্য সরবরাহ বা বিক্রয়কালে "মূসক-১১" চালানে "উৎসে সমুদয় মূসক পরিশোধিত" মর্মে সিল দিয়ে সরবরাহ করতে হয়।

১৬। খুচরা মূল্যভিত্তিক পণ্যের মূল্য ঘোষণা পদ্ধতি কি?

(ক) সরকার গেজেটে প্রকাশিত প্রজ্ঞাপন দ্বারা কোনো কোনো পণ্যের ক্ষেত্রে মূসক আরোপযোগ্য মূল্য খুচরা মূল্যের ভিত্তিতে নির্ধারিত হবে তা নির্ধারণ করতে পারে। বর্তমানে এরোসল, ডিসইনফেকটেন্ট এবং তামাকযুক্ত সিগারেটের ক্ষেত্রে এই পদ্ধতি প্রচলিত রয়েছে।

- এ সব পণ্যের ক্ষেত্রে বিধি মোতাবেক মূসক বিভাগীয় কর্মকর্তার কার্যালয়ে মূল্য ঘোষণা প্রদান করতে হয়।
- এসব পণ্যের ক্ষেত্রে পণ্যের গায়ে/ মোড়কে খূচরা মূল্য লেখা থাকে, উক্ত লিখিত মূল্যেই পণ্য ক্রেতা/ভোক্তার নিকট বিক্রি করতে হয়।

(খ) এছাড়া যে সব পণ্যের গায়ে খুচরা বিক্রি মূল্য লেখা থাকে, সে সব পণ্যের উৎপাদক ইচ্ছা করলে, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, পণ্যের গায়ে বা মোড়কে মুদ্রিত মূল্যের ন্যূনতম দুই-তৃতীয়াংশ মূল্যের উপর মূসক প্রদান করতে পারবেন, এক্ষেত্রে তাঁকে-

- ফরম 'মূসক-১ঘ' তে বিভাগীয় কর্মকর্তার কার্যালয়ে মূল্য ঘোষণা প্রদান করতে হবে,
- পণ্যের গায়ে বা মোড়কে খুচরা মূল্য সুস্পষ্টভাবে লক্ষ্যণীয় ও অনপনীয়ভাবে মুদ্রিত হতে হবে,
- বিভাগীয় কর্মকর্তার অনুমোদন সাপেক্ষে ঘোষিত মূল্য, ঘোষণা প্রদানের তারিখ থেকে কার্যকর হয়।

পরিশিষ্ট-ক

মূসক-১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

উপকরণ/উৎপাদ সম্পর্ক বা সহগ ও মূল্যভিত্তি ঘোষণাপত্র
[বিধি ৩(১) দ্রষ্টব্য]

১। নিবন্ধিত ব্যক্তির নাম ঃ
২। ঠিকানা ঃ
৩। নিবন্ধন সংখ্যা ঃ
৪। এলাকা কোড ঃ

৫। মূল্য ঘোণা নম্বর ..../বৎসর
৬। টেলিফোন নম্বর ঃ
৭। ফ্যাক্স নম্বর ঃ

ক্রমিক সংখ্যা	পণ্যের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code)	পণ্যের নাম ও বিবরণ	সরবরাহ/ বিক্রয়ের একক	পণ্য উৎপাদনে ব্যবহার্য উপকরণ/ কাঁচামাল এবং প্যাকিং সামগ্রীর নাম ও বিবরণ	একক পণ্যে উৎপাদনে ব্যবহার্য অপচয়সহ উপকরণ/ কাঁচামাল ও প্যাকিং সামগ্রীর পরিমাণ	কলাম (৬) এ বর্ণিত উপকরণ বা প্যাকিং সামগ্রীর মূল্য (আমাদানিকৃত হলে শুল্কায়নযোগ্য মূল্য+শুল্ক+সম্পূরক শুল্ক+এলসি ফি+অবকাঠামো উন্নয়ন সারচার্জ/স্থানীয় উৎপাদিত হইলে সম্পূরক শুল্কসহ মোট ক্রয় মূল্য (প্রদত্ত মূসক ব্যতীত)/আবগারি পণ্য হইলে আবগারি শুল্কসহ মোট মূল্য/মূসক অব্যহতিপ্রাপ্ত হইলে মোট ক্রয়মূল্য)	মূল্য সংযোজনের খাত/ আইটেমের নাম	প্রতি একক পণ্য মূল্যে কলাম (৮) এ উল্লিখিত প্রতিটি আইটেম বা খাতের অবদান/মূল্য সংযোজনের পরিমান	সম্পূরক শুল্ক আরোপযোগ্য মূল্য (যদি বিবেচ্য পণ্যের উৎপাদন পর্যায়ে সম্পূরকশুল্ক প্রযোজ্য থাকে) কলাম (৭) ও (৯) এর যোগফল		কলাম (১১) এ প্রস্তাবিত মূল্যের ওপর সম্পূরক শুল্কের পরিমাণ	মূসক আরোপযোগ্য মূল্য {কলাম (১১)+ কলাম (১২) [বি: দ্র: যে ক্ষেত্রে স্থানীয় পর্যায়ে সম্পূরক শুল্ক প্রযোজ্য নয় সেক্ষেত্রে কলাম (৭) +(৯)]		শুল্ক ও করসহ বিক্রয় মূল্য	
									বর্তমান	প্রস্তাবিত				পাইকারী	মুদ্রিত
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)	(১১)	(১২)	(১৩)	!১৪)	(১৫)	(১৬)

১। কলাম (৭) , (৮) ও (৯) এ প্রদত্ত তথ্যের সমর্থনে মূল্য সংযোজন কর বিধিমালা, ১৯৯১ এর বিধি ১৬ ,১৭ ও ১৮ মোতাবেক বা প্রযোজ্য অন্যান্য প্রামাণিক দলিলাদি এই ঘোষণাপত্রের সহিত সংযুক্ত করা হইয়াছে।
২। আমি এইমর্মে অঙ্গীকার করিতেছি যে, কর ধার্যের জন্য উপযুক্ত মূল্যভিত্তি সম্পর্কিত সকল তথ্য সত্য ও সঠিক এবং ইহা নির্ধারণের অনুকূলে সকল দলিলাদি আমার এখতিয়ারে আছে।
৩। উল্লিখিত বিধিমালার বিধি ৩ এ বর্ণিত পরিস্থিতির আলোকে মূল্য সংযোজন কর কর্তৃপক্ষকর্তৃক পরিচালিত কোনো তদন্তে বা জরিপে উপরি-উক্ত ঘোষিত মূল্যভিত্তি অসংগতিপূর্ণ বা কম প্রতীয়মান হওয়ার ক্ষেত্রে উক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত মূল্যভিত্তি অনুযায়ী ঘোষণা প্রদানের তারিখ হইতে প্রদেয় কর প্রদানে আমি বাধ্য থাকিব।

* বি: দ্র: ব্যবসায়ীর ক্ষেত্রে ক্রীত পণ্যের নাম ও কলাম (৫) এ এবং পণ্যের ক্রয় মূল্য কলাম (৭) এ দেখাইতে হইবে।

তারিখ : নিবন্ধিত ব্যক্তি/ব্যবস্থাপনা কর্তৃপক্ষের স্বাক্ষর ও সিল

পরিশিষ্ট-খ

মূসক-১খ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

ব্যবসায়ী বা বাণিজ্যিক আমদানিকারক কর্তৃক মূল্যভিত্তি ঘোষণাপত্র
[বিধি ৩(১) দ্রষ্টব্য]

নিবন্ধিত ব্যক্তির নাম:
প্রতিষ্ঠানের নাম :
পূর্ণ ব্যবসায়িক ঠিকানা:
নিবন্ধন নম্বর:

মূল্য ঘোষণার নম্বর............/বৎসর
এলাকা কোড:
টেলিফোন নম্বর:
ফ্যাক্স নম্বর :

ক্র: নং	পণ্যের সামঞ্জস্য পূর্ণ নামকরণ কোড (H.S. Code)	পণ্যের নাম ও বিবরণ (আমদানি দলিল বা ক্রয় চালানপত্র মোতাবেক)	পণ্যের ক্রয়মূল্য (মূল্য সংযোজন কর ও আগাম আয়কর ব্যতীত)	মূল্য সংযোজনের পরিমাণ	সম্পূরক শুল্ক আরোপযোগ্য মূল্য		আরোপণীয় সম্পূরক শুল্ক (যদি থাকে)	মূল্য সংযোজন কর আরোপযোগ্য মূল্য		পাই কারী মূল্য	খুচরা মূল্য/ মুদ্রিত মূল্য
					বর্ত মান	প্রস্তা বিত		বর্তমান	প্রস্তাবিত		
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২

আমি এইমর্মে ঘোষণা করিতেছি যে, ওপরে বর্ণিত সকল তথ্য সত্য ও নির্ভুল।

তারিখ :.........................

স্বত্বাধিকারী, নিবন্ধিত ব্যক্তি বা
ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির স্বাক্ষর

নিবন্ধিত ব্যক্তির জন্য নির্দেশাবলি :

১। আমদানি দলিল ক্রয় চালানপত্রে পণ্যের বিবরণ স্পষ্ট না হইলে উক্ত বিবরণের নিচে পণ্যটি যে নামে (সাইজ/গ্রেড/মডেল উল্লেখসহ) একজন ব্যবহারকারীরর নিকট পরিচিত তা (৩) নং কলামে উল্লেখ করিতে হইবে এবং প্রতিটি ঘোষণার সংশ্লিষ্ট আমদানি দলিল বা ক্রয় চালানপত্রের নম্বর ও তারিখ উল্লেখ করিতে হইবে।

২। সংশ্লিষ্ট পণ্যের আমদানি দলিল বা ক্রয় চালানপত্রে মূল্য সংযোজন কর ও আগাম আয়কর ব্যতীত যে মূল্য (যাবতীয় শুল্ক করসহ) উল্লেখ থাকিবে তার সাথে অন্য কোনো রেয়াতযোগ্য উপকরণ ব্যবহৃত হইলে তা পরবর্তী সারি (Row) তে (৩) নং কলামে বিবরণসহ মূল্য প্রদর্শন সাপেক্ষে(৪) নং কলামে যোগ করিতে হইবে।

৩। ক্রয় মূল্যের সমর্থনে মূল্য ঘোষণার সাথে আমদানি দলিল বা ক্রয়চালানপত্রের ফটোকপি সংযুক্ত করিতে হইবে।

৪। (৫) নং কলামে প্রদর্শিত সংযোজনের ভিত্তিতে ১৫% হারে নীট মূল্য সংযোজন কর প্রদেয় হইবে।

৫। (৮) নং কলামে প্রস্তাবিত মূল্য বা বিভাগীয় কর্মকর্তা কর্তৃক অনুমোদিত মূল্যের (যেটি প্রযোজ্য) ভিত্তিতে ১৫% হারে মূসক নিরূপণপূর্বক কর পরিশোধিত মূল্যের চেয়ে মূল্য ঘোষণা দাখিলকারীর বিক্রয় মূল্য কোনো অবস্থাতেই বেশি হইবে না।

পরিশিষ্ট-গ

মূসক-১গ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

অব্যাহতিপ্রাপ্ত অথবা বাংলাদেশ হইতে রপ্তানিকৃত বা রপ্তানিকৃত বলিয়া গণ্য পণ্যের উপকরণ মূল্য ও উপকরণ-উৎপাদ সম্পর্ক বা সহগ ঘোষণাপত্র
[বিধি ৩(১) দ্রষ্টব্য]

নিবন্ধিত ব্যক্তির নাম: মূল্য ঘোষণার নম্বর............/বৎসর
প্রতিষ্ঠানের নাম : এলাকা কোড:
পূর্ণ ব্যবসায়িক ঠিকানা: টেলিফোন নম্বর:
নিবন্ধন নম্বর: ফ্যাক্স নম্বর :

ক্রঃ নং	পণ্যের সামঞ্জস্য পূর্ণ নামকরণ কোড (H.S. Code)	পণ্যের নাম ও বিবরণ	সরবরাহ/ বিক্রয়ের একক	পণ্য উৎপাদনে ব্যবহার্য উপকরণ/কাঁচামাল এবং প্যাকিং সামগ্রীর নাম ও বিবরণ	একক পণ্য উৎপাদনে ব্যবহার্য অপচয়সহ উপকরণ/কাঁচামাল ও প্যাকিং সামগ্রীর পরিমাণ	কলাম (৬) এ বর্ণিত উপকরণ বা প্যাকিং সামগ্রীর মূল্য (আমাদানিকৃত হলে শুল্কায়নযোগ্য মূল্য+শুল্ক+সম্পূরক শুল্ক+এলসি ফি+অবকাঠামো উন্নয়ন সারচার্জ/স্থানীয় উৎপাদিত হইলে সম্পূরক শূল্কসহ মোট ক্রয় মূল্য (প্রদত্ত মূসক ব্যতীত)/আবগারি পণ্য হইলে আবগারি শুল্কসহ মোট মূল্য/মূসক অব্যহতিপ্রাপ্ত হইলে মোট ক্রয়মূল্য)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)

১। কলাম (৭) এ প্রদত্ত তথ্যের সমর্থনে প্রামাণিক দলিলাদি এই ঘোষণাপত্রের সহিত সংযুক্ত করা হইয়াছে।

২। আমি এইমর্মে ঘোষণা করিতেছি যে, এই ঘোষণাপত্রে উল্লেখিত সকল তথ্য সত্য ও সঠিক।

তারিখ :.........................

নিবন্ধিত ব্যক্তি,স্বত্বাধিকারী বা
ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির স্বাক্ষর

পরিশিষ্ট-ঘ

মূসক-১ঘ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

পণ্যের গায়ে/ধারকে/পাত্রে/মোড়কে মুদ্রিত খুচরা মূল্যের ক্ষেত্রে মূল্য ঘোষণা
[বিধি ৩ দ্রষ্টব্য]

নিবন্ধিত ব্যক্তির নাম: মূল্য ঘোষণার নং...................
প্রতিষ্ঠানের নাম : টেলিফোন নম্বর:
পূর্ণ ব্যবসায়িক ঠিকানা: ফ্যাক্স নম্বর :
নিবন্ধন নম্বর:

ক্রঃ নং	পণ্যের সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S.Code)	পণ্যের নাম ও বিবরণ	সরবরাহ/বিক্রয়ের একক	উৎপাদনে ব্যবহৃত কাঁচামালের নাম	প্রতি একক পণ্য উৎপাদনে ব্যবহৃত কাঁচামালের পরিমাণ (অপচয়ের পরিমাণ প্রথম বন্ধনীর মধ্যে আলাদা উল্লেখ করিতে হইবে)	গায়ে/ধারকে/মোড়কে মুদ্রিত মূল্য	উৎপাদনকারী কর্তৃক নির্ধারিত মূসক আরোপযোগ্য মূল্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)

আমি এইমর্মে ঘোষণা করিতেছি যে,

১। উপরে বর্ণিত সকল তথ্য সত্য ও নির্ভুল এবং ইহা নির্ধারণের অনুকূলে সকল দলিলাদি আমার হেফাজতে আছে;

২। উৎপাদন পর্যায়ে মূসক আরোপযোগ্য মূল্য উপরে বর্ণিত পণ্যের গায়ে/ধারকে/মোড়কে মুদ্রিত মূল্যের দুই-তৃতীয়াংশের কম নয়;

৩। উল্লিখিত বিধিমালার বিধি (৩)-বর্ণিত পরিস্থিতির আলোকে মূল্য সংযোজন কর কর্তৃপক্ষ কর্তৃক পরিচালিত কোনো তদন্তে বা জরিপে উপরিউক্ত ঘোষিত মূল্য অঙ্গতিপূর্ণ বা কম প্রতীয়মান হওয়ার ক্ষেত্রে উক্ত কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত মূল্যভিত্তি অনুযায়ী ঘোষণা প্রদানের তারিখ হইতে কর প্রদানে আমি বাধ্য থাকিব।

তারিখ :.........................

নিবন্ধিত ব্যক্তি,স্বত্বাধিকারী বা
ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির স্বাক্ষর

পরিশিষ্ট-৬

মূসক-১ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

ট্যারিফ মূল্যের আওতাধীন পণ্যের উপকরণ-উৎপাদ সম্পর্ক বা সহগ সংক্রান্ত
[বিধি ৩ (৯) দ্রষ্টব্য]

উৎপাদিত পণ্যের নাম ও তারিখ	পণ্যের একক	পণ্য উৎপাদনে ব্যবহার্য প্যাকিং সামগ্রীসহ কাঁচামাল (উপকরণ) এর নাম	অপচয় ব্যতীত প্রতি একক পণ্য উৎপাদনে ব্যবহার্য উপকরণের পরিমাণ	অপচয়সহ প্রতি একক পণ্য উৎপাদনে ব্যবহার্য উপকরণের পরিমাণ	মন্তব্য
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)

এ পুস্তিকার কোন বক্তব্য বা পরিভাষা বিদ্যমান মূল্য সংযোজন কর আইন ও এর বিধিবিধানের সাথে অসঙ্গতিপূর্ণ বলে প্রতীয়মান হলে আইন ও বিধিবিধানের পরিভাষাই প্রাধিকার পাবে। এ বিষয়ে আরো কোন তথ্য জানার প্রয়োজন হলে সংশ্লিষ্ট মূসক স্থানীয় কার্যালয় (সার্কেল), বিভাগীয় দপ্তর, কমিশনারেটের সদর দপ্তর, নিকটস্থ মূল্য সংযোজন কর কার্যালয় বা জাতীয় রাজস্ব বোর্ডের মূসক অনুবিভাগের কোন কর্মকর্তার সাথে যোগাযোগ করা যেতে পারে।

জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর অনুবিভাগ, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।	ফোনঃ ৯৩৩০৬৬২, ৮৩৬১৪৩২, ৯৩৫২৫৩০, ৯৩৫৮৭২৮, ৮৩২২৬৯৯ পিএবিএক্সঃ ৮৩১৮১২০-২৬ ফ্যাক্সঃ ৮৩১৬১৪৩
বৃহৎ করদাতা ইউনিট (LTU), মূল্য সংযোজন কর, ৬ষ্ঠ তলা, দ্বিতীয় ১২ তলা সরকারী অফিস ভবন, সেগুনবাগিচা, ঢাকা।	ফোনঃ ৯৩৬২৯৬২, ৯৩৬২৯৬৩, ৯৩৬২৯৬৪, ৯৩৬২৯৬৫ ফ্যাক্সঃ ৯৩৬২৯৬০
শুল্ক, আবগারী এবং মূসক, ঢাকা (দক্ষিণ) কমিশনারেট, ১৬০/এ, আইডিইবি ভবন (৪র্থ ও ৫ম তলা), কাকরাইল, ঢাকা।	ফোনঃ ৮৩৫৫৯৬৪, ৯৩৩৭২৪৫, ৯৩৪০১২৪, ৯৩৫১৬৯৬ পিএবিএক্সঃ৮৩১১৮১১-৪ ফ্যাক্সঃ ৮৩১৫৪৫৯
শুল্ক, আবগারী এবং মূসক, ঢাকা (উত্তর) কমিশনারেট, বাড়ী-০৬, সোনারগাঁও জনপথ রোড, সেক্টর-১১, উত্তরা, ঢাকা।	ফোনঃ ৮৯৬৩১১৫, ৮৯৬৩১১৬, ৮৯৬৩১১৮, ৮৯১১৬৪৯ ফ্যাক্সঃ ৮৯১৩৪৩৩
শুল্ক, আবগারী এবং মূসক, চট্টগ্রাম কমিশনারেট, সিজিও বিল্ডিং নং-১, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম-৪১০০।	ফোনঃ ২৫২৪০৩৭, ৭২১৪৩২, ৭২৩১৩৩, ৭২৪০৮৬ ফ্যাক্সঃ ৭১৫৮০৮
শুল্ক, আবগারী এবং মূসক, রাজশাহী কমিশনারেট, বাড়ী নং-১৯৬, সেক্টর-০২, রাজশাহী হাউজিং এস্টেট, উপশহর, রাজশাহী।	ফোনঃ ৮৬১১০১, ৮৬১১০৫, ৮৬১১০৩, ৮৬১১০৬ ফ্যাক্সঃ ৭৬১৭১৯
শুল্ক, আবগারী এবং মূসক, সিলেট কমিশনারেট, বাড়ী নং-১৯, রোড-১৪/২৪, ব্লক-ডি, শাহজালাল উপশহর, সিলেট।	ফোনঃ ২৮৩০৭৪১, ৮১০০৮৩, ৮১০০৮১ ফ্যাক্সঃ ২৮৩১৫৯৬
শুল্ক, আবগারী এবং মূসক, খুলনা কমিশনারেট, খালিশপুর, খুলনা।	ফোনঃ ৭৬১৭০৩, ৭৬২৪২৮, ৮৬১২১৬ ফ্যাক্সঃ ৭৬২৫৯৪
শুল্ক, আবগারী এবং মূসক, যশোর কমিশনারেট, ভোলা ট্যাংক রোড, যশোর।	ফোনঃ ৬৮৪৩৪, ৬৮৪৩৫ ফ্যাক্সঃ ৬৩৪০৫।